# টিকার নিবন্ধনে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ৫ নির্দেশনা

**নিজস্ব প্রতিবেদক** ●
করোনা প্রতিরোধে ৫-১১ বছরের শিশুদের টিকা দেওয়ার পরিকল্পনা করেছে সরকার। এরই মধ্যে এ কার্যক্রমে সুরক্ষা অ্যাপে নিবন্ধনে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে ৫টি নির্দশনা দিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। গতকাল প্রকাশিত প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা হলো : এক. বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও প্রধান শিক্ষকরা শিক্ষার্থীদের অভিভাবকদের জানাবেন ও দ্রুততার সঙ্গে নিবন্ধনের অনুরোধ জানানোসহ প্রয়োজনীয় সহযোগিতা দেবেন।

দুই. যেসব ৫-১১ বছর বয়সী শিক্ষার্থীর ■ **এরপর পৃষ্ঠা ২, কলাম ৫**

# টিকার নিবন্ধনে

**(শেষ পৃষ্ঠার পর)** ডিজিটাল জন্মনিবন্ধন (১৭ ডিজিট) নেই, তাদের জন্মনিবন্ধন সম্পন্ন করে সুরক্ষা অ্যাপে রেজিস্ট্রেশন নিশ্চিত করতে হবে।

তিন. সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তারা স্ব স্ব ক্লাস্টারের আওতাধীন বিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের টিকার নিবন্ধন নিশ্চিত করতে প্রয়োজনীয় সহায়তা ও তদারকির কার্যক্রম হাতে নেবেন।

চার. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তারা তার আওতাধীন উপজেলার শিক্ষার্থীদের টিকা নিবন্ধন কার্যক্রমের অগ্রগতি দৈনিক ভিত্তিতে তদারকি করবেন। কোনো সমস্যা থাকলে সমাধানের চেষ্টা করবেন ও উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ও সংশ্লিষ্টদের সঙ্গে নিবিড় যোগাযোগ রক্ষা করবেন।

পাঁচ. বিভাগীয় উপপরিচালক ও জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তরা সার্বিক বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে তত্ত্বাবধান করবেন এবং তার আওতাধীন অধিক্ষেত্রে টিকা নিবন্ধন ও টিকাদান ব্যবস্থাপনা সুসম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা দেবেন। পাশাপাশি সব ধরনের সহায়তা দেওয়াসহ সার্বিক সমন্বয় কার্যক্রম হাতে নেবেন।